

বাংলাদেশ



গেজেট



কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৬, ২০২০

সূচীপত্র

পৃষ্ঠা নং	পৃষ্ঠা নং
১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।	৪৬৯—৪৭৬
২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।	৫১৫—৫৩০
৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	৯৭—১২৭
৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।	নাই
৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি।	নাই
৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	৪৮৭—৫৪৬
৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।	নাই
৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	নাই
ক্রোড়পত্র—সংখ্যা	
(১)সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের গুমারী।	নাই
(২)বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই
(৩) বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।	নাই
(৪) কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই
(৫) তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান।	নাই
(৬) তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।	নাই

১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
অধিশাখা-৩ (শুল্ক)
আদেশ

জাতীয় রাজস্ব বোর্ড
[শুল্ক]
বিশেষ আদেশ

তারিখ : ২৮ মাঘ ১৪২৬/১১ ফেব্রুয়ারি ২০২০

তারিখ : ০৮ চৈত্র ১৪২৬/২২ মার্চ ২০২০

নং ০৮.০০.০০০০.০৩৮.২৭.০২৪.১৯-৩১—জাতীয় রাজস্ব বোর্ড এর ০২ জানুয়ারি ২০২০ তারিখের “যেহেতু সহকারী কমিশনার জনাব মোঃ জুলফিকার আলীকে তৎকালীন ২২-০৩-২০১২ খ্রিঃ তারিখের তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত করা হয়নি; সেহেতু, তাঁর ০৫-০৮-২০১৯ খ্রিঃ তারিখের সাময়িক বরখাস্তকরণের আদেশ প্রত্যাহার করা যেতে পারে” মর্মে মতামতের পরিশ্রেণিতে জনাব মোঃ জুলফিকার আলী, সহকারী কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (প্রাক্তন সহকারী কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম)-কে সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত এ বিভাগের ০৫ আগস্ট ২০১৯ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৮২.১৬-৪৮৮ নম্বর আদেশটি নির্দেশক্রমে এতদ্বারা প্রত্যাহার করা হলো।

সুরাইয়া পারভীন শেলী
উপসচিব।

নং ০৩৪/২০২০/কাস্টমস/৮৬—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট এ অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড নামীয় শুল্কমুক্ত বিপণী (বন্ড লাইসেন্স নং-০৪/কাস-এসবিডব্লিউ/২০১৮, তাং ২৯-০৭-২০১৮ খ্রিঃ) এর অনুকূলে ২০১৯-২০ অর্থ বছরের জন্য নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

ক্রমিক নং	পণ্যের বিবরণ	আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার)
০১.	সিগারেট, সিগার ও টোব্যাকো	৬৩,০০০.০০
০২.	লিকার ও অন্যান্য ড্রিংকস্ (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে)	৯,০০০.০০

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

ক্রমিক নং	পণ্যের বিবরণ	আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার)
০৩.	কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী	৯,০০০.০০
০৪.	কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ	৯,০০০.০০
	সর্বমোট =	৯০,০০০.০০

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
সুলতান মোঃ ইকবাল
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

[কাস্টমস]

বিশেষ আদেশ

তারিখ : ০৮ চৈত্র ১৪২৬/২২ মার্চ ২০২০

নং ০৩৩/২০২০/কাস্টমস/৮৭—The Customs Act, 1969
(Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে
জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান

বন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস
লিমিটেড (বন্ড লাইসেন্স নং-১৪৭০/কাস-এসবিডব্লিউ/২০১৩,
তাং-১৬-০১-২০১৩) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০১৯-২০
অর্থ বছরের জন্য নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা
হলো :

ক্র. নং	পণ্যের বিবরণ	আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার)
০১.	সিগারেট, সিগার ও টোব্যাকো	৭৪,৭৫৯.৩৫
০২.	লিকার ও অন্যান্য ড্রিংকস্ (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে)	৬৭,৫৬৯.৬২
০৩.	কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী	০০.০০
০৪.	কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ	৫,৯২৯.১৭
	সর্বমোট =	১,৪৮,২৫৮.১৪

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সুলতান মোঃ ইকবাল
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

জামস শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১১ মার্চ ২০২০

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৮৮.১৮-৪৭—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩)
উপধারা মোতাবেক জেলা প্রশাসক, নাটোর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, নাটোর জেলা কমিটির সদস্য
হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রমিক নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম, স্বামীর নাম ও ঠিকানা	পদবি
০১	১০(১)(ছে)	বিশিষ্ট মহিলা	নাসিমা বানু লেখা, স্বামী-আমিরুল রহমান, নীচা বাজার, নাটোর	চেয়ারম্যান
০২	১০(১)(ঘ)	শিক্ষিকা	পারুল আক্তার, স্বামী-মৃত-সিরাজুল ইসলাম, গাড়ীখানা নাটোর	সদস্য
০৩	১০(১)(ঙ)	সমাজসেবী	সীমা ইসলাম, স্বামী-শরিফুল ইসলাম, কান্দিভিটুয়া, নাটোর	সদস্য
০৪	১০(১)(ছে)	বিশিষ্ট মহিলা	উমা চৌধুরী জলি, স্বামী-মৃত-প্রদীপ কুমার চৌধুরী, নীচা বাজার, নাটোর	সদস্য
০৫	১০(১)(ছে)	বিশিষ্ট মহিলা	বিজলী রেজা, স্বামী-রেজাউল করিম, কান্দিভিটুয়া, নাটোর।	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের নাসিমা বানু লেখা, স্বামী-আমিরুল রহমান, নীচা বাজার, নাটোর উক্ত কমিটির
চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১১-০৩-২০২০ খ্রিঃ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্থায় পদে বহাল থাকবেন।
তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং
তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্থায় পদ ত্যাগ করতে পারবেন।

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৮২.১৮-৪৮—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩)
উপধারা মোতাবেক জেলা প্রশাসক, বাগেরহাট এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, বাগেরহাট জেলা কমিটির
সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রমিক নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম, স্বামীর নাম ও ঠিকানা	পদবি
০১	১০(১)(ছে)	বিশিষ্ট মহিলা	এ্যাড. শরীফা খানম, স্বামী-এ্যাড. ভূইয়া হেমায়েত উদ্দিন	চেয়ারম্যান
০২	১০(১)(ঘ)	শিক্ষিকা	মিসেস সেলিনা বেগম, স্বামী-মৃত মীর মোস্তফা কামাল	সদস্য
০৩	১০(১)(ঙ)	সমাজসেবী	মিসেস রাজিয়া বানু, স্বামী-মৃত এ্যাড. বেগ এনায়েতুল হক	সদস্য
০৪	১০(১)(ছে)	বিশিষ্ট মহিলা	অধ্যাপক সাহেরা খাতুন, রামপাল, বাগেরহাট	সদস্য
০৫	১০(১)(ছে)	বিশিষ্ট মহিলা	মিসেস রানু বেগম, স্বামী-শেখ নওয়াব হোসেন	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের এ্যাড. শরীফা খানম, স্বামী-এ্যাড. ভূইয়া হেমায়েত উদ্দিন উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১১-০৩-২০২০ খ্রিঃ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রেজাউল হক
সহকারী সচিব।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৩ মার্চ ২০২০

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬৪.১৮-১৮৭—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, সিলেট এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, সিলেট জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রমিক নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম ও ঠিকানা	পদবি
০১	১০(১)(ঙ)	সমাজসেবী	হেলেন আহমেদ, এইচ এম কর্পোরেশন, ফরিদ প্লাজা, জল্লারপাড় রোড, সিলেট।	চেয়ারম্যান
০২	১০(১)(ঘ)	শিক্ষিকা	সালমা বাছিত, ১০০ মৌসুমী, মিরাবাজার, সিলেট।	সদস্য
০৩	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	সামসুল্লাহার মিনু, ১২৭ হাউজিং এস্টেট, আম্বরখানা, সিলেট।	সদস্য
০৪	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	সালমা বেগম, ৪২৩ শুভেচ্ছা, শেখ ঘাট, সিলেট।	সদস্য
০৫	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	কামরুন নাহার বেগম, ৫নং ভাটা টিকর, টিলাঘর, সিলেট।	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের হেলেন আহমেদ, এইচ এম কর্পোরেশন, ফরিদ প্লাজা, জল্লারপাড় রোড, সিলেট উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ২৩-০৩-২০২০ খ্রিঃ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.১৫৮.১৯-১৮৮—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১১ ধারার (৩) উপধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, পূর্বধলা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, পূর্বধলা উপজেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রমিক নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম ও স্বামীর নাম	পদবি
০১	১১(১)(ঘ)	বিশিষ্ট মহিলা	মনি রানী কর্মকার, স্বামী : নির্মল চন্দ্র কর্মকার, গ্রাম : গোহালাকান্দা, পূর্বধলা, নেত্রকোণা।	চেয়ারম্যান
০২	১১(১)(চ)	সমাজসেবী	হাসিমা আক্তার খাতুন, স্বামী : মিসবাহ উদ্দিন, গ্রাম : পূর্বধলা বাজার, পূর্বধলা, নেত্রকোণা।	সদস্য
০৩	১১(১)(চ)	বিশিষ্ট মহিলা	শিল্পী নকরেক, স্বামী : পচিন্দ্র মান সিং, গ্রাম : হলুদাটি, পূর্বধলা, নেত্রকোণা।	সদস্য
০৪	১১(১)(চ)	বিশিষ্ট মহিলা	বেগম আনোয়ারা বকুল, স্বামী : মোতাহার হোসেন খান, গ্রাম : পূর্বধলা, পূর্বধলা, নেত্রকোণা।	সদস্য
০৫	১১(১)(গ)	শিক্ষিকা	মোছাঃ চায়না আক্তার, স্বামী : আমিরুল ইসলাম, গ্রাম : কাজলা, পূর্বধলা, নেত্রকোণা।	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মনি রানী কর্মকার, স্বামী : নির্মল চন্দ্র কর্মকার, উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ২৩-০৩-২০২০ খ্রিঃ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

তারিখ : ২৪ মার্চ ২০২০

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৯২.১৮-১৮৯—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, কুমিল্লা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, কুমিল্লা জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রমিক নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম	পদবি
০১	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিসেস পাপড়ি বসু	চেয়ারম্যান
০২	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিসেস নিশাত খান	সদস্য
০৩	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিসেস সামছুন নাহার	সদস্য
০৪	১০(১)(ঙ)	সমাজসেবী	এ্যাডভোকেট ফাহিমদা জেবিন	সদস্য
০৫	১০(১)(ঘ)	শিক্ষিকা	অধ্যাপিকা (অবঃ) সেলিনা রহমান	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মিসেস পাপড়ি বসু উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ২৪-০৩-২০২০ খ্রিঃ তারিখ হতে দু'বৎসর মেয়াদ স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

তারিখ : ২৫ মার্চ ২০২০

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬৬.১৮-১৯০—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, হবিগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, হবিগঞ্জ জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রমিক নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম ও ঠিকানা	পদবি
০১	১০(১)(ঘ)	শিক্ষিকা	ইসমত আরা বেগম, স্বামী-বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আব্দুর রব, চিড়াকান্দি আবাসিক এলাকা, হবিগঞ্জ।	চেয়ারম্যান
০২	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিসেস খুদেজা আক্তার, স্বামী-এস, এম, মহসীন, শ্মশানঘাট, হবিগঞ্জ।	সদস্য
০৩	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম শাহানারা চৌধুরী, স্বামী-এডভোকেট সিরাজুল ইসলাম চৌধুরী, শ্যামলী, হবিগঞ্জ।	সদস্য
০৪	১০(১)(ঙ)	সমাজসেবী	বেগম শওকত আরা চৌধুরী, স্বামী-মোঃ শহীদ উদ্দিন চৌধুরী, আফতাব মঞ্জিল, শায়েস্তানগর, হবিগঞ্জ।	সদস্য
০৫	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম লুৎফুন নাহার চৌধুরী স্মৃতি, স্বামী-মিজানুর রহমান চৌধুরী, ৩৬২১, কালী বাড়ি ক্রস রোড, হবিগঞ্জ।	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের ইসমত আরা বেগম, স্বামী-বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আব্দুর রব, চিড়াকান্দি আবাসিক এলাকা, হবিগঞ্জ উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৮৬.১৮-১৯১—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, বগুড়া এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, বগুড়া জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রমিক নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম, স্বামীর নাম ও ঠিকানা	পদবি
০১	১০(১)(ঙ)	সমাজসেবক	জনাব সুরাইয়া নিগার সুলতানা ডরখী, স্বামী-মোঃ আতাউর রহমান, রায় বাহাদুর রোড, জলেশ্বরীতলা, বগুড়া।	চেয়ারম্যান
০২	১০(১)(ঘ)	শিক্ষিকা	জনাব হাবীবা খাতুন বর্ণা, স্বামী-মোঃ শাহজাহান আলী, লতিফপুর কলোনী, বগুড়া।	সদস্য
০৩	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব শামসুন্নাহার বেগম, স্বামী-মোঃ আবুল কালাম আজাদ, নবাববাড়ী রোড, বগুড়া।	সদস্য
০৪	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব নীলুফা ইয়াছমিন, স্বামী-মোঃ সাইফুল ইসলাম, গ্রাম হাজরাদীঘি, নুনগোলা, বগুড়া সদর, বগুড়া।	সদস্য
০৫	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব মোছাঃ স্বপ্না চৌধুরী, স্বামী-ওবায়দুর রহমান রনজু, ফুলবাড়ী, বগুড়া।	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব সুরাইয়া নিগার সুলতানা ডরথী, স্বামী-মোঃ আতাউর রহমান, রায় বাহাদুর রোড, জলেশ্বরীতলা, বগুড়া উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখ হতে দু'বৎসর মেয়াদ স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

দিলীপ কুমার দেবনাথ
সিনিয়র সহকারী সচিব।

সংস্কৃত বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০২ চৈত্র ১৪২৬/১৬ মার্চ ২০২০

নং ৪৩.০০.০০০০.১১৬.২২.০৫৫.১৮-৯২—বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১ (২০০১ সনের ৩২ নম্বর আইন) এর ৬নং ধারার প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট পরিচালনার জন্য সরকার নিম্নরূপভাবে ট্রাস্টিবোর্ড গঠন করিল :

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবি
১.	মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	চেয়ারম্যান
২.	সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	ভাইস চেয়ারম্যান
৩.	বেগম মমতাজ বেগম, মাননীয় সংসদ সদস্য-১৬৯, মানিকগঞ্জ-২	সদস্য
৪.	বেগম সুবর্ণা মোস্তফা, মাননীয় সংসদ সদস্য-৩০৪, মহিলা আসন-৪	সদস্য
৫.	মহাপরিচালক, বাংলা একাডেমী, ঢাকা	সদস্য
৬.	মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ঢাকা	সদস্য
৭.	বেগম ফাতেমা রহিম ভীনা, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
৮.	জনাব মোঃ নজরুল ইসলাম, যুগ্মসচিব, তথ্য মন্ত্রণালয়	সদস্য
৯.	ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
১০.	জনাব নাসির উদ্দিন ইউসুফ বাচ্চু, সভাপতি, আন্তর্জাতিক থিয়েটার ইনস্টিটিউট, (বাংলাদেশ কেন্দ্র)	সদস্য
১১.	জনাব রামেন্দু মজুমদার, সভাপতি, আন্তর্জাতিক থিয়েটার ইনস্টিটিউট (বিশ্ব কেন্দ্র)	সদস্য
১২.	জনাব হাসান আরিফ, সাধারণ সম্পাদক, সম্মিলিত সাংস্কৃতিক জোট	সদস্য
১৩.	কবি ড. মুহাম্মদ সামাদ, সভাপতি, জাতীয় কবিতা পরিষদ	সদস্য
১৪.	জনাব জায়েদ খান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতি	সদস্য
১৫.	জনাব খায়রুল আনাম শাকিল, সংগীত শিল্পী	সদস্য
১৬.	বেগম মিনু হক, সভাপতি, বাংলাদেশ নৃত্য শিল্পী সংস্থা	সদস্য
১৭.	যুগ্মসচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।	ব্যবস্থাপনা পরিচালক ও সচিব

২। ট্রাস্টিবোর্ডের কার্যপরিধি : বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১ এর ৭ ধারায় উল্লিখিত কার্যাবলি সম্পাদন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে এবং মনোনীত সদস্যগণ আদেশ জারির তারিখ হইতে পরবর্তী ০৩ (তিন) বছর স্বীয় পদে বহাল থাকিবেন।

মোঃ নওসাদ হোসেন
উপসচিব (অধিশাখা-৭)।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
শৃঙ্খলা-০২ শাখা

আদেশ

তারিখ : ২৬ ফাল্গুন ১৪২৬/১০ মার্চ ২০২০

নং ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০৭.১৯-৩২—যেহেতু, জনাব রতন কুমার নাথ (পি এন-২৮০৭), সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কুমিল্লায় দায়িত্ব পালনকালে তাকে সুরক্ষা সেবা বিভাগের ৩১-০৩-২০১৯ খ্রি. তারিখের ৫৮.০০.০০০০.০৫২.১২.০০২.১৭.১৪৭/১(১০) স্মারকমূলে উপসহকারী পরিচালক পদ হতে সহকারী পরিচালক পদে পদোন্নতিপ্রাপ্ত হন। পদোন্নতির পর তাকে কুমিল্লা হতে রাজশাহী জেলায় পদায়ন/বদলি করা হয়। তিনি পদায়নকৃত কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের আদেশ অমান্য করেন। তৎপ্রেক্ষিতে

সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নং-০১/২০১৯/(ফায়ার) রুজু করা হয়। গত ০৮-০৭-২০১৯ খ্রিঃ তারিখে ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০৭.১৯ স্মারকমূলে তাকে কারণ দর্শানো হয়। তিনি গত ২৯-০৯-২০১৯ খ্রিঃ তারিখে উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন;

যেহেতু, তার প্রার্থনার পরিপ্রেক্ষিতে গত ০৭-০১-২০২০ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তার বিপক্ষে সরকার পক্ষের নথি উপস্থাপন করেন জনাব মোঃ হাবিবুর রহমান, পরিচালক (প্রশাসন ও অর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

যেহেতু, উভয় পক্ষের বক্তব্য ও নথিতে রক্ষিত কাগজপত্রের আলোকে মামলার বিষয়ে আরো অগ্রসর হওয়া প্রয়োজন মর্মে জনাব মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন, উপসচিব (মাদক-১), সুরক্ষা সেবা বিভাগ-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ০৩-০৩-২০২০ খ্রিঃ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব রতন কুমার নাথ (পি এন-২৮০৭), সহকারী পরিচালক এর বিরুদ্ধে আনীত অসদাচরণ অভিযোগ সন্দেহাতীতভাবে প্রামাণিত হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলায় জনাব রতন কুমার নাথ, সহকারী পরিচালক এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা, অভিযোগ বিবরণী, দাখিলকৃত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানি ও তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন, মামলার সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক তাকে অসদাচরণে অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো;

সেহেতু, জনাব রতন কুমার নাথ (পি এন-২৮০৭), সহকারী পরিচালক, বিভাগীয় মামলা নং-০১/২০১৯/(ফায়ার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কুমিল্লা-কে অসদাচরণের দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২) (খ) উপবিধি মোতাবেক আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য তার বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করার লঘুদণ্ড আরো করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ শহিদুজ্জামান
সচিব।

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ চৈত্র ১৪২৬/১৯ মার্চ ২০২০

নং ৫৮.০০.০০০০.০৮৫.২৩.০১৮.১৮-১৫৭—২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২০ উপলক্ষে লঘু অপরাধে দণ্ডিত অর্ধেকের বেশি সাজাভোগকৃত কয়েদিদের মুক্তি প্রদানের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নবর্ণিত ১৭ (সতের) জন কয়েদির অবশিষ্ট কারাদণ্ড মওকুফ করা হয়েছে :

ক্রমিক নং	কয়েদি নম্বর, নাম, পিতার নাম, বয়স ও মামলা নম্বর	কারাগারের নাম
১.	কয়েদি নং-৭০৫৮/এ, মোঃ আঃ সামাদ, পিতা-মোঃ শাহাবুদ্দিন সরকার, বয়স-৬৫ বছর, জি.আর-৫৬(ক)/২০০১ (সিরাজগঞ্জ)।	সিরাজগঞ্জ জেলা কারাগার
২.	কয়েদি নং-৪৬১৭/এ, মোঃ আল আমিন, পিতা-আঃ কুদ্দুস ফরাজী, বয়স-৩৫ বছর, সি. আর-৫৭০/১১ (মঠবাড়িয়া)।	পিরোজপুর জেলা কারাগার
৩.	কয়েদি নং-৪৭৬৬/এ, খগেন্দ্রনাথ সাধক, পিতা-মৃত যোগেন্দ্রনাথ সাধক, বয়স-৫০ বছর, সি. আর-৩২৯/২০০১ (নেছারাবাদ)।	পিরোজপুর জেলা কারাগার
৪.	কয়েদি নং-৭৩৯৯/এ, মোঃ আবু তালেব ফকির, পিতা-মৃত ছমির ফকির, বয়স-৪০ বছর, সি. আর-৪২৭/১২ (দাকোপ)।	খুলনা জেলা কারাগার
৫.	কয়েদি নং-৭৪০৯/এ, মোয়াজ্জেম শেখ, পিতা-মৃত সহিজউদ্দিন শেখ, বয়স-৫৫ বছর, এফ. সি. আর-১৪০/১১ (দাকোপ)।	খুলনা জেলা কারাগার
৬.	কয়েদি নং-২১৪২/এ, মোঃ স্বপন মিয়া, পিতা-মোঃ আব্দুল হাই, বয়স-২৮ বছর, সিআর-২৯৭/১০ (গাইবান্ধা)।	গাইবান্ধা জেলা কারাগার
৭.	কয়েদি নং-৫২৩৩/এ, মাসুদ শেখ, পিতা-আফজাল শেখ, বয়স-২৮ বছর, সি. আর-২৭/১৩ (ফকিরহাট)।	বাগেরহাট জেলা কারাগার
৮.	কয়েদি নং-৪৮৩৬/এ, বারিক পাইক, পিতা-মৃত মধু হাজী পাইক, বয়স-৩৫ বছর, জি. আর-১১৬/১৪ (বাগেরহাট)।	বাগেরহাট জেলা কারাগার
৯.	কয়েদি নং-৫১৬৮/এ, মোঃ রাজু হাওলাদার, পিতা-আঃ রাজ্জাক হাওলাদার, বয়স-২৩ বছর, জি. আর-১৭৯/১২ (শরণখোলা)।	বাগেরহাট জেলা কারাগার
১০.	কয়েদি নং-৯০৫৯/এ, ভুট্টো, পিতা-নজীর শেখ মিস্ত্রি, বয়স-৪০ বছর, এম. জি. আর-৪৮৯/৯৪ (রাজপাড়া), ফৌজদারী আপিল নং-২২৩/২০১৬।	রাজশাহী কেন্দ্রীয় কারাগার
১১.	কয়েদি নং-৫০৩০/এ, মোঃ মোস্তফা শেখ, পিতা-মোঃ ওলিয়ার শেখ, বয়স-৩৬ বছর, সি. আর-১১৯/১৮ (বোয়ালমারী)।	ফরিদপুর জেলা কারাগার
১২.	কয়েদি নং-৩২১৬/এ, সুমন আহমদ, পিতা-আব্দুল উদ্দিন, বয়স-৩৭ বছর, জি. আর-২১৯/২০০৬ (বিয়ানীবাজার)।	সিলেট কেন্দ্রীয় কারাগার
১৩.	কয়েদি নং-৩৫১৪/এ, আজিজুল, পিতা-মৃত শমসের, বয়স-৪৬ বছর, জি. আর-১৬(২) ১৯৯৬ (নেত্রকোণা), দায়রা নং ৫০/১৯৯৭।	নেত্রকোণা জেলা কারাগার
১৪.	কয়েদি নং-৪২৫৩/এ, ইব্রাহীম, পিতা-মৃত নেছার উদ্দিন, বয়স-৫১ বছর, জি. আর-১১০/০৩ (বানারীপাড়া)।	বরিশাল কেন্দ্রীয় কারাগার
১৫.	কয়েদি নং-৬০৪৬/এ, জাহিদুল ইসলাম শিকদার, পিতা-আঃ জলিল শিকদার, বয়স-২৭ বছর, সি. আর-১১০/১৪ (বাকেরগঞ্জ)।	বরিশাল কেন্দ্রীয় কারাগার

ক্রমিক নং	কয়েদি নম্বর, নাম, পিতার নাম, বয়স ও মামলা নম্বর	কারাগারের নাম
১৬.	কয়েদি নং-৬৪৪৭/এ, মোঃ আনোয়ার শেখ, পিতা-মোঃ আফসার শেখ, বয়স-৩০ বছর, সি. আর-৪০/১৪ (খোকসা)।	কুষ্টিয়া জেলা কারাগার
১৭.	কয়েদি নং-৬৫৬৭/এ, মোঃ জাহিদ, পিতা-মৃত মোজাম, বয়স-২৯ বছর, জি. আর-১৩১/১০(দৌলতপুর)।	কুষ্টিয়া জেলা কারাগার

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। জরিমানার অর্থ আদায়পূর্বক মুক্তির বিষয়টি কার্যকর করতে হবে।

৪। অন্য কোনো কারণে উপরোক্ত কয়েদিদের আটক রাখার আবশ্যিকতা না থাকলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সনজীদা শরমিন

উপসচিব।

জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক অধিশাখা-৪

আদেশ

তারিখ : ১৮ মার্চ ২০২০

নং স্বঃসংঃ নির্বাচন-২০(১)/২০০৮(রাজ-৪)-১৭১—আগামী ২১ মার্চ ২০২০ তারিখ জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ ও ৯৮ বাগেরহাট-৪ এবং ১৮৩ ঢাকা-১০ নির্বাচনী এলাকার শূন্য আসনের নির্বাচন অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক অধিশাখা-০৬ কর্তৃক জারীকৃত পরিপত্র নং-৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০১৮-১৬৪ ও (অংশ) ১৬৫, তারিখ ১৮-০৩-২০২০ এর অনুষ্টেদ নং-১৩ এর নির্দেশনা মোতাবেক বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণ সংক্রান্তে The Arms Act, 1878 (Act XI of 1878)-এর ধারা ১৭(ক)(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত আদেশ জারি করল :

“সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় ২০ মার্চ ২০২০ তারিখ ভোর ৬.০০ টা হতে ২৩ মার্চ, ২০২০ তারিখ দিবাগত রাত ১২.০০টা পর্যন্ত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণ কর্তৃক আগ্নেয়াস্ত্র প্রদর্শন ও আগ্নেয়াস্ত্রসহ চলাচল নিষিদ্ধ থাকবে।”

(২) যারা এ আদেশ লঙ্ঘন করবে তাদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আব্দুল জলিল

উপসচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য সেবা বিভাগ

শুজলা অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১০ চৈত্র ১৪২৬/২৪ মার্চ ২০২০

নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১২০.১৯-২১৪—যেহেতু, ডাঃ মোঃ আজিজুর রহমান চৌধুরী (৪০৪৭৫), কিউরেটর (এনাটমি), ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর গত ০৪-০৯-২০১১ হতে ০৬-০৭-২০১৯ তারিখ পর্যন্ত মোট ০৭ বছর ১০ মাস ০২ দিন চাকরি হতে একনাগারে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের অনুমতির জন্য আবেদন করেন;

যেহেতু, তিনি একনাগারে ৫ (পাঁচ) বছরের অধিককাল অর্থাৎ ০৭ বছর ১০ মাস ০২ দিন সরকারি চাকরিতে বিনানুমতিতে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, গত ০৫-০৯-২০১৬ তারিখে তাঁর সরকারি চাকরিতে অনুপস্থিতকাল (অনুমোদিত এবং অননুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তাঁর চাকরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। ডাঃ মোঃ আজিজুর রহমান চৌধুরী (৪০৪৭৫), কিউরেটর (এনাটমি), ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুরের কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০৫-০৯-২০১৬ তারিখ হতে তাঁর চাকরির অবসান কার্যকর হবে। গত ০৪-০৯-২০১১ তারিখ হতে তিনি কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে কোন বেতন-ভাতাদি উত্তোলন করা হলে তা সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আসাদুল ইসলাম

সচিব।

আদেশ

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪২৭/১৭ মে ২০২০

নং ৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৬.২০১৯-২২১—যেহেতু, জনাব সাখাওয়াত হোসেন রাজু আকন্দ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, শেরপুর (প্রাক্তন ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, বরিশাল) গত ০৮-১২-২০১৮ তারিখ রাত ১১ ঘটিকায় মেসার্স মেডিমেন্ট ফার্মাসিউটিক্যালস লিঃ, বুপাতলী, বরিশাল নামীয় প্রতিষ্ঠানের কারখানা থেকে জন্মকৃত ৫০,০০০ (পঞ্চাশ হাজার) লাল/কালো রংয়ের বালুক ক্যাপসুল এর নমুনা পরীক্ষা ও বিশ্লেষণের জন্য ড্রাগ ট্রেস্টিং ল্যাবরেটরি, মহাখালী, ঢাকায় প্রেরণের ক্ষেত্রে দায়িত্ব সম্পাদনে ব্যর্থতা/অবহেলা/গাফিলতি করেছেন এবং উক্ত কর্মকাণ্ডের পেছনে তাঁর অসৎ উদ্দেশ্য রয়েছে মর্মে সংশ্লিষ্ট তদন্ত কমিটি মনে করে বিধায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে ০৬-০৮-২০১৯ তারিখে ৪৫.০০.০০০০.১২২.২৭. ০৭৬.২০১৯-৪৫১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব সাখাওয়াত হোসেন রাজু আকন্দ, ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব সাখাওয়াত হোসেন রাজু আকন্দ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, শেরপুর (প্রাক্তন ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, বরিশাল) এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০২ (দুই) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে কোন বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা থেকে অব্যাহতি দেয়া হল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আসাদুল ইসলাম
সচিব।

প্রজ্ঞাপন

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪২৭/১৭ মে ২০২০

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১৭-২২৩—যেহেতু, ডাঃ প্রজ্ঞা পারমিতা মন্ডল (১২৯৭৬১), সহকারী সার্জন, কীর্তিপাশা ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, ঝালকাঠি গত ০১-১১-২০১৪ হতে ১১-১১-২০১৯ তারিখ পর্যন্ত মোট ০৫ বছর ১০ দিন চাকরি হতে একনাগাড়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে কর্মস্থলে যোগদানের অনুমতির জন্য আবেদন করেন;

যেহেতু, তিনি একনাগারে ৫ (পাঁচ) বছরের অধিককাল অর্থাৎ ০৫ বছর ১০ দিন সরকারি চাকরিতে বিনানুমতিতে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, গত ০২-১১-২০১৯ তারিখে তাঁর সরকারি চাকরিতে অনুপস্থিতকাল (অনুমোদিত এবং অননুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তাঁর চাকরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। ডাঃ প্রজ্ঞা পারমিতা মন্ডল (১২৯৭৬১), সহকারী সার্জন, কীর্তিপাশা ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, ঝালকাঠির কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০২-১১-২০১৯ তারিখ হতে তাঁর চাকরির অবসান কার্যকর হবে। গত ০১-১১-২০১৪ তারিখ হতে তিনি কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে কোনো বেতন ভাতাদি উত্তোলন করা হলে তা সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

২। জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আসাদুল ইসলাম
সচিব।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় উন্নয়ন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০২ চৈত্র ১৪২৬/১৬ মার্চ ২০২০

নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০৩৫.২০১৭-২৩২—যেহেতু, মোঃ শহিদুল ইসলাম, উপজেলা সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলী দপ্তর, উপজেলা-তেরখাদা, জেলা-খুলনা, সাবেক কর্মস্থল, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান কর্মরত থাকাবস্থায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫, বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিতে বর্ণিত অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার দায়ে ০৩৫/২০১৭ নম্বর বিভাগীয় মামলা রঞ্জু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা মোঃ শহিদুল ইসলাম, উপজেলা সহকারী প্রকৌশলী কোন জবাব দাখিল করেননি।

৩। সেহেতু, মোঃ শহিদুল ইসলাম, উপজেলা সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলী দপ্তর, উপজেলা-তেরখাদা, জেলা-খুলনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২ বিধি অনুযায়ী সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরাকিভাতা (Subsistence allowance) প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব।

স্থানীয় সরকার বিভাগ উন্নয়ন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ চৈত্র ১৪২৬/১৯ মার্চ ২০২০

নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১৬.২০১৭-২৪৭—যেহেতু, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মোঃ ওসমান গণি, উপজেলা প্রকৌশলী (চলতি দায়িত্ব), উপজেলা-লোহাগড়া, জেলা-নড়াইল দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত লোহাগড়া থানার মামলা নং-০৬/১৮২ ও ০৭/১৮৩-এ বিগত ০৭ জুলাই ২০১৭ খ্রি. তারিখ প্রেরণ হওয়ায় স্থানীয় সরকার বিভাগ হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, সেলিনা আখতার, উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক তদন্ত করে বর্ণিত মামলা দু'টি-তে আনীত অভিযোগসমূহ প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় অভিযোগের দায় হতে মোঃ ওসমান গণি ও অন্যান্যদের অব্যাহতি প্রদানের প্রস্তাব করা হয় এবং দাখিলকৃত এফআরটি দুর্নীতি দমন কমিশন কর্তৃক অননুমোদিত হয়;

যেহেতু, বিজ্ঞ আদালত চূড়ান্ত প্রতিবেদন গ্রহণ করে মোঃ ওসমান গণিসহ অন্যান্যদের অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করেন;

সেহেতু, মোঃ ওসমান গণি, উপজেলা প্রকৌশলী (চলতি দায়িত্ব), এলজিইডি, উপজেলা-লোহাগড়া, জেলা-নড়াইল এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব।